দৈনিক ইনকিলাব

তারিখ ... 12 DEC 1998 ...
পৃষ্ঠা ... ২ ... কলাম ... ৫ ...

16

# শিক্ষা প্রসারে বাস্তবতার নিরিখে নীতিমালা দাবী

প্রেস বিজ্ঞপ্তি : গতকাল শুক্রবার বাংলাদেশ বেসরকারী কলেজ অধ্যক্ষ সমিতির কেন্দ্রীয় আহবায়ক কমিটির সভা সমিতির অস্থায়ী কার্যালয় ঢাকা সিটি ইন্টারন্যাশনাল কলেজ, শহীদবাগে অনুষ্ঠিত হয়। উক্ত সভায় সভাপতিত্ব করেন সমিতির আহবায়ক প্রিন্সিপাল মিজানুর রহমান চৌধুরী। সভায় যুগ্ম আহবায়ক দ্বয় প্রিন্সিপাল আঃ আজিজ সরকার, প্রিন্সিপাল মোঃ জহিরুল ইসলাম সিকদারসহ প্রিন্সিপাল মোঃ আব্দুল ওয়াজেদ, প্রিন্সিপাল মোঃ আব্দুল হামিদ, প্রিন্সিপাল মোঃ মিরাতুল ইসলাম, প্রিন্সিপাল মোঃ আমিরুজ্জামান প্রমুখ বক্তব্য রাখেন। বক্তাগণ শিক্ষা ক্ষেত্রে প্রচলিত অসম নীতি ও ব্যবধান দূরীকরণে বেসরকারি পর্যায়ে শিক্ষক-কর্মচারীদের সুযোগ-সুবিধা বৃদ্ধির দাবী করেন। তাছাড়া বেসরকারী কলেজের প্রিন্সিপাল, ভাইস প্রিন্সিপালদের পেশাগত নানাবিধ সমস্যা, ও জটিলতার বিষয়সহ জাতীয় বিশ্ববিদ্যালয়, ডি,জি (শিক্ষা), বোর্ড অফিসসমূহের নানাবিধ বিড়ম্বনা ও হয়রানির কথা উল্লেখ করেন।

তারা অনতিবিলম্বে এ ধরনের অসাধারণ, অবমূল্যায়ন অবসানের দাবী জানান এবং প্রিন্সিপাল, ভাইস প্রিন্সিপালদের সাথে সৌজন্যমূলক আচরণের জন্য সংশ্লিষ্ট কর্তৃপক্ষের দৃষ্টি আকর্ষণ করেন।

বক্তারা শিক্ষা প্রসারে বর্তমান সরকার অগ্রাধিকার দিলেও ১৯৯৫ সালের শিক্ষা সংকোচন আদেশ, জনবল কাঠামো অবিলম্বে বাতিল করে বাস্তবতার নিরিখে নীতিমালা গ্রহণের অনুরোধ জানান। তারা প্রস্তাবিত শিক্ষা কমিশনের রিপোর্টের সুপারিশের ভিত্তিতে বেসরকারি শিক্ষকদের পদমর্যাদা ও ১০০% বেতন-ভাতাদি প্রদান করার দাবী জানান।

সভাপতির ভাষণে প্রিন্সিপাল মিজানুর রহমান চৌধুরী বলেন, দেশে একটি অভিন্ন শিক্ষা ব্যবস্থা চালু করে যাবতীয় বৈষম্য দূরকীরণ, প্রিন্সিপালদের সাথে সম্মানজনক আচরণ, জনবল কাঠামো বাতিল, শিক্ষাখাতে সর্বোচ্চ ব্যয় বরাদ্দ, জি,ডি,পি,র ১০% এবং রাজস্ব বাজেটের ২০% ব্যয় বরাদ্দকরণের দাবী জানান।